

2021/TDC (CBCS)/EVEN/SEM/
BNGGEC-601T/010

TDC (CBCS) Even Semester Exam.,
September—2021

BENGALI

(6th Semester)

Course No. : BNGGEC-601T

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)]

পূর্ণমান : ৭০

উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্স্বস্ব সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন কুড়িটি) : ১×২০=২০

- ১। শ্রীরামপুর মিশন কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়?
- ২। ফোর্ট উইলিয়াম কলেজ কে প্রতিষ্ঠা করেন?
- ৩। শ্রীরামপুর প্রেস থেকে 'বাইবেল'-এর 'নিউটেস্টামেন্ট' বাংলা ভাষায় কত সালে প্রথম মুদ্রিত হয়?
- ৪। 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' গ্রন্থটি কার লেখা?

22J/11

(Turn Over)

- ৫। রামমোহন রায়ের উদ্যোগে কোন্ কু-প্রথা বন্ধ হয়েছিল ? ১৮।
- ৬। রামমোহন রচিত ব্যাকরণ গ্রন্থটির নাম কী ? ১৯।
- ৭। বিদ্যাসাগর অনূদিত একটি গ্রন্থের নাম লেখো। ২০।
- ৮। 'বহুবিবাহ রহিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক বিচার' গ্রন্থটির লেখক কে ? ২১।
- ৯। ঈশ্বরগুপ্ত সম্পাদিত পত্রিকাটির নাম কী ? ২২।
- ১০। মাইকেল মধুসূদন প্রবর্তিত ছন্দটির নাম কী ? ২৩।
- ১১। মধুসূদন রচিত পত্রকাব্যটির নাম কী ? ২৪।
- ১২। রবীন্দ্রনাথ বিহারীলালকে কী অভিধায় আখ্যায়িত করেছেন ? ২৫।
- ১৩। বিহারীলালের সবথেকে প্রসিদ্ধ কাব্যগ্রন্থ কোনটি ? ২৬।
- ১৪। রবীন্দ্রনাথ কত খ্রিস্টাব্দে নোবেল পুরস্কার লাভ করেন ? ২৭।
- ১৫। কিশোর কবিকে ঠাকুরবাড়ির কোন্ বধুটি সব থেকে বেশি উৎসাহ দিতেন ? ২৮।
- ১৬। 'বনলতা সেন' কোন্ কবির রচনা ? ২৯।
- ১৭। মধুসূদন রচিত ঐতিহাসিক নাটক কোনটি ? ২২J/1

- ১৮। মধুসূদন দত্তের লেখা একটি প্রহসনের নাম লেখো।
- ১৯। দীনবন্ধু রচিত কোন্ নাটকে কৃষকদের উপর নীলকর সাহেবদের অত্যাচারের বর্ণনা আছে?
- ২০। 'সধবার একাদশী' কী জাতীয় রচনা?
- ২১। গিরিশ ঘোষ রচিত একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।
- ২২। 'জনা' নাটকটিকে কী জাতীয় নাটক বলা হয়?
- ২৩। কোন্ ধরনের নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল বিখ্যাত?
- ২৪। দ্বিজেন্দ্রলালের কোন্ নাটকে সম্রাটসত্তা ও পিতৃসত্তার বিরোধ দেখানো হয়েছে?
- ২৫। বঙ্কিমচন্দ্র রচিত খাঁটি ঐতিহাসিক উপন্যাস কোনটি?
- ২৬। বাংলা ভাষায় রচিত বঙ্কিমের প্রথম উপন্যাসটির নাম কী?
- ২৭। 'শেষের কবিতা' কী জাতীয় রচনা?
- ২৮। 'ঘরে বাইরে' উপন্যাসের প্রধান নারীচরিত্র কোনটি?
- ২৯। শরৎচন্দ্রকে কী অভিধায় আখ্যায়িত করা হয়?

- ৩০। বিপ্লবী রাজবিদ্রোহী চরিত্রটি শরৎচন্দ্রের কোন্ উপন্যাসের চরিত্র ?
- ৩১। বিভূতিভূষণের কোন্ উপন্যাস অবলম্বনে সিনেমা তৈরি করে সত্যজিৎ রায় বিখ্যাত হয়েছেন ?
- ৩২। কোন্ উপন্যাসে বিভূতিভূষণ দুর্ভিক্ষের চিত্র তুলে ধরেছেন ?
- ৩৩। দুর্ধর্ষ ডাকাত ভিখুর ঘটনাবহুল জীবন অবলম্বনে রচিত মানিক বন্দ্যোপাধ্যায়ের বিখ্যাত ছোটগল্পটির নাম কী ?
- ৩৪। মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি গল্পসংকলনের নাম লেখো।
- ৩৫। মহিষকে কেন্দ্র করে রচিত তারাশঙ্করের বিখ্যাত গল্পটির নাম কী ?
- ৩৬। তারাশঙ্করের প্রথম গল্পগ্রন্থ কোনটি ?
- ৩৭। পরশুরাম কার ছদ্মনাম ?
- ৩৮। একটি ছাগলকে কেন্দ্র করে রচিত পরশুরামের হাসির গল্পটির নাম কী ?
- ৩৯। মেহের আলি রবীন্দ্রনাথের কোন্ ছোটগল্পের চরিত্র ?
- ৪০। রবীন্দ্রনাথের ছোটগল্প-সংকলন কী নামে পরিচিত ?

SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন পাঁচটি) :

২×৫=১০

- ৪১। শ্রীরামপুর মিশন থেকে প্রকাশিত দুখানি সাময়িক পত্রের নাম লেখো।
- ৪২। রামমোহন রায় যে ধর্ম প্রবর্তন করেছিলেন সেটির নাম কী? তাঁর রচিত একটি তর্কমূলক গ্রন্থের নাম লেখো।
- ৪৩। ঈশ্বরগুপ্তকে গুরুপদে বরণ করে সাহিত্য-সাধনা শুরু করেছিলেন এমন দুজন বিখ্যাত সাহিত্যিকের নাম লেখো।
- ৪৪। জীবনানন্দের প্রথম কাব্যগ্রন্থ কোনটি? তাঁর কোন কাব্যগ্রন্থে বাংলার অপরূপ রূপ বর্ণিত হয়েছে?
- ৪৫। মধুসূদনের প্রথম নাটক কোনটি? এটি কত সালে প্রকাশিত হয়?
- ৪৬। গিরিশ ঘোষ রচিত একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো। তাঁর কোন নাটকে বিদূষক চরিত্র আছে?
- ৪৭। ত্রিপুরার রাজবংশের কাহিনি অবলম্বনে রচিত রবীন্দ্র উপন্যাসটির নাম কী? বালবিধবা বিনোদিনী রবীন্দ্রনাথের কোন উপন্যাসের চরিত্র?
- ৪৮। নদীর নামে বিভূতিভূষণের যে উপন্যাস আছে সেটির নাম কী? দুর্গা নামক বালিকাটি তাঁর কোন উপন্যাসের চরিত্র?

- ৪৯। মানিক বন্দ্যোপাধ্যায়ের আসল নাম কী ছিল? তাঁর 'অতসীমামী' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- ৫০। পরশুরাম রচিত যে-কোন দুটি হাস্যরসাপ্রিত ছোটগল্পের নাম লেখো।

SECTION—C

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

- ৫১। বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান বিষয়ে আলোচনা করো।
- ৫২। “ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী।” তাঁর রচিত গদ্যগ্রন্থ অবলম্বনে মন্তব্যটির যথার্থ্য বিচার করো।
- ৫৩। বাংলা মহাকাব্য-রচনাধারায় মাইকেল মধুসূদনের কৃতিত্বের পরিমাপ করো।
- ৫৪। গীতিকবি রবীন্দ্রনাথের কাব্যপ্রতিভার একটি সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরো।
- ৫৫। বাংলা নাট্য-রচনাধারায় দীনবন্ধু মিত্রের কৃতিত্ব আলোচনা করো।
- ৫৬। দ্বিজেন্দ্রলাল রচিত ঐতিহাসিক নাটকগুলির একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৫৭। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সামাজিক উপন্যাসগুলির বিষয়ে নতিদীর্ঘ আলোচনা করো।

(7)

৫৮। বাংলা উপন্যাস রচনার ক্ষেত্রে শরৎচন্দ্রের বিশিষ্টতা ও অনন্যতার
সবিশেষ পরিচয় দাও।

৫৯। কিশোর চরিত্র অবলম্বনে রচিত রবীন্দ্রনাথের কয়েকটি
ছোটগল্পের আলোচনা করো।

৬০। ছোটগল্পের শিল্পী হিসেবে তারাশঙ্করের মূল্যায়ন করো।
